দৈনিক সংবাদ

153

তারিখ JUL 10 1999
পৃষ্ঠা 2 কলাম ৬

# 'প্রাথমিক স্কুলেই ছাত্রদের ভিত্তি মজবুত করতে হবে'

'প্রাথমিক স্কুলে থাকতেই ছাত্রদের ভিত্তি যদি মজবুত না হয়, মাধ্যমিকে এসে তারা ভাল ফল করতে পারে না। উচ্চ মাধ্যমিক আরো খারাপ করে। এ কারণে প্রাথমিক স্কুলে ভাল শিক্ষক নিয়োগ অপরিহার্য।'

গতকাল শুক্রবার লালমাটিয়াস্থ ঢাকা ওরিয়েন্টাল কলেজ আয়োজিত মাধ্যমিক শিক্ষা সম্পর্কে এক আলোচনা সভায় বক্তারা একথা বলেন।

অনুভব সমবায় সমিতির সভাপতি জে এল ভৌমিকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় প্রধান অতিথি সংস্থাপন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হীরালাল বালা, বিশেষ অতিথি শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আবদুল কাইয়ুম ঠাকুর এবং ঢাকা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ শাহজাহান আলী মোল্লা আলোচনায় অংশ নেন। সংবাদ বিজ্ঞপ্তি।